

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৫১

২৩. কুরআনের ফ্যীলত অধ্যায় (كتاب فضائل القرآن) পরিচ্ছেদঃ ১. যে ব্যক্তি কুরআন পাঠ করে তার মর্যাদা

بَابِ فَضْلِ مَنْ قَرَأً الْقُرْآنَ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ خَالِد حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ مُحَمَّدِ الْفَزَارِيُّ عَنْ سُفْيَانَ عَنْ عَاصِمٍ عَنْ مُجَاهِدٍ عَنْ ابْنِ عُمَرَ قَالَ يَجِيءُ الْقُرْآنُ يَشْفَعُ لِصَاحِبِهِ يَقُولُ يَا رَبِّ لِكُلِّ عَامِلٍ عُمَالَةً مُخَاهِدٍ عَنْ ابْنِ عُمَرَ قَالَ يَجِيءُ الْقُرْآنُ يَشْفَعُ لِصَاحِبِهِ يَقُولُ يَا رَبِّ لِكُلِّ عَامِلٍ عُمَالَةً مِنْ وَضُوانِ مِنْ عَمَلِهِ وَإِنِّي كُنْتُ أَمْنَعُهُ اللَّذَّةَ وَالنَّوْمَ فَأَكْرِمْهُ فَيُقَالُ ابْسُطْ يَمِينَكَ فَتُمْلَأُ مِنْ رِضُوانِ اللَّهِ ثَمَّ يُقَالُ ابْسُطْ شِمَالَكَ فَتُمْلَأُ مِنْ رِضُوانِ اللَّهِ وَيُكْسَى كِسُوةَ الْكَرَامَةِ وَيُحَلَّى بِحِلْيَةِ الْكَرَامَةِ وَيُحْلَى بِحِلْيةِ وَيُكْرَامَةِ وَيُحَلَّى بِحِلْيةِ الْكَرَامَةِ وَيُكْلِسَى كَسُوةَ الْكَرَامَةِ وَيُحَلَّى بِحِلْيةِ الْكَرَامَةِ وَيُكُلِّ مَا لَكَرَامَةِ وَيُكْلِي اللَّهِ وَيُكْسَى كِسُوةَ الْكَرَامَةِ وَيُحَلَّى بِحِلْيةِ الْكَرَامَةِ وَيُكْلِبُ لُكَرَامَةٍ وَيُكْلِمُ الْكَرَامَةِ وَيُكْلِمُ اللَّهُ الْكَرَامَةِ وَيُكُلِّ الْكَرَامَةِ وَيُكْلِمُ اللَّهُ عَلَيْهِ وَيُكُلِمُ الْكَرَامَةِ وَيُكْلِمُ اللَّهُ وَيُكُسَى كِسُوةً الْكَرَامَةِ وَيُخْسَى عَمْلِهِ وَيُكُلِبُ مُ الْكَرَامَةِ وَيُكُلِلُهُ اللَّهُ الْكَرَامَةِ وَيُكْلِمُ لَا اللَّهُ لِكُلِ

বাংলা

৩৩৫১. মুজাহিদ (রহঃ) হতে বর্ণিত, ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, কুরআন (কিয়ামত দিবসে) তার সাথীর (পাঠকারীর) জন্য সুপারিশকারী হিসেবে উপস্থিত হবে। সে বলবে: হে রব! প্রত্যেক কর্মকারীর তার কর্মের পুরস্কার বা বিনিময় পেয়ে থাকে। আর আমি তাকে ভোগ-আনন্দ ও ঘুম হতে বিরত রেখেছিলাম। তাই আপনি তাকে সম্মানিত করুন।তখন তাকে বলা হবে: তোমার ডান হাত প্রশস্ত কর। (সে প্রশস্ত করলে) তা আল্লাহর সম্ভিষ্টি দ্বারা ভরপুর করে দেয়া হবে। এরপর তাকে বলা হবে: তোমার বাম হাত প্রশস্ত কর। (সে প্রশস্ত করলে) তা আল্লাহর সম্ভিষ্টি দ্বারা ভরপুর করে দেয়া হবে। এবং তাকে মর্যাদার পোষাক পরানো হবে, তাকে মর্যাদার অলংকারে অলংকৃত করা হবে এবং তাকে মর্যাদার মুকুট পরিধান করানো হবে।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ হাসান আসিম এর কারণে। এটি ইবনু উমারের উপর মাওকুফ।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১০/৪৯৬, ৪৯৭ নং ১০০৯৮, ১০০৯৯; ইবনু যরীস, ফাযাইলুল কুরআন নং ১০২; সাঈদ ইবনু মানসূর ২২।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুজাহিদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন